

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৩(আগরতলা, ১৬।০৪)
খোয়াই, ১৬ এপ্রিল, ২০১৮

খোয়াইতে ১২৮তম আশ্বৈদকর জন্মজয়ন্তী উদযাপিত

সারা রাজ্যের সাথে যথাযোগ্য মর্যাদায় খোয়াই জেলা ভিত্তিক গত ১৪ এপ্রিল ভারতরত্ন বাবা সাহেব ড: বি আর আশ্বৈদকরের ১২৮তম জন্মজয়ন্তী খোয়াই টাউন হলে অনুষ্ঠিত হয়। বিধায়ক পিনাকী দাস চৌধুরী প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এর আগে বিধায়ক পিনাকী দাস চৌধুরী ড: বি আর আশ্বৈদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। তাছাড়াও আশ্বৈদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বিশিষ্ট সমাজ সেবী অমিত রক্ষিত মনোজ দাস, জেলা শাসক ডা: সন্দীপ এন মহাত্মে, অতিরিক্ত জেলা শাসক উত্তম মন্ডল, মহকুমা শাসক বিশ্বিসার ভট্টাচার্য। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, ড: বি আর আশ্বৈদকর সমাজের শোষিত ও বঞ্চিত মানুষের অধিকার রক্ষায় কাজ করে গেছেন। তিনি ছিলেন একজন সমাজ সংস্কারক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্য বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজ সেবী অমিত রক্ষিত, অধ্যাপিকা কল্পনা দাস, জেলা শাসক ড: সন্দীপ এন মহাত্মে। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত জেলা শাসক উত্তম মন্ডল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মনোজ দাস। খোয়াই জেলা প্রশাসন ও খোয়াই মহকুমা প্রশাসন যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করে।
